## ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগ

## সিটিজেন চার্টার

**অগ্নি-দুর্ঘটনা, উদ্ধার ও আহত সেবাঃ**

১। দুর্ঘটনার সাথে সাথে নিকটস্থ ফায়ার স্টেশন বা কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষে দুর্ঘটনার সংবাদ প্রদান করতে হবে।

২। সংবাদ প্রাপ্তির সাথে সাথে ফায়ার কর্মীগণ সাজ-সরঞ্জামাদিসহ দুর্ঘটনাস্থলে গমন করেন।

৩। যেকোন দূর্যোগে ১৯৯ ডায়াল করলেই এ সেবা পাওয়া যায়। এছাড়া নিকটস্থ ফায়ার
স্টেশনের নম্বর সংগ্রহ করুন।

**৪। উল্লেখিত সেবা সংক্রান্ত কোন অভিযোগ থাকলে নিম্নলিখিত নম্বরে যোগাযোগ করুনঃ**

| | |
|---|---|
| উপ-পরিচালক, ঢাকা বিভাগ, ঢাকা | ০২-৯৫৫৬৭৫৮ |
| উপ-পরিচালক, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম | ০৩১-৭১৬৩২৬ |
| উপ-পরিচালক, রাজশাহী বিভাগ, রাজশাহী | ০৭২১-৭৭৪২২৪ |
| উপ-পরিচালক, খুলনা বিভাগ, খুলনা | ০৪১-৭৬০৩৩৪ |
| উপ-পরিচালক, সিলেট বিভাগ, সিলেট | ০৮২১-৭১৬৩৫০ |
| উপ-পরিচালক, বরিশাল বিভাগ, বরিশাল | ০৪৩১-৬৫১৩৩ |
| সহকারী পরিচালক, কুমিল্লা | ০৮১-৬৫৮৮৮ |

**ফায়ার লাইসেন্স(অগ্নি-দুর্ঘটনা প্রতিরোধমূলক পরামর্শ সেবা) :**

১। স্থানীয় সহকারী পরিচালক/উপ-পরিচালক বরাবর ফায়ার সার্ভিসের নির্ধারিত ফরম পূরণ পূর্বক নিম্নবর্ণিত কাগজপত্রসহ আবেদন করতে হবে।

ক). ট্রেড লাইসেন্স।

খ). প্রতিষ্ঠানের নিজস্ব ভবনে ব্যবসা পরিচালনা হলে পৌরসভা কর্তৃক প্রতিষ্ঠানের স্থাবর/অস্থাবর সম্পত্তির বার্ষিক মূল্যায়ন পত্র।

গ). ভাড়া বাড়িতে ব্যবসা হলে ভাড়ার চুক্তিপত্র।

ঘ). রাজউক/পৌরসভা কর্তৃক অনুমোদিত স্থাপনার নকশা।

ঙ). প্রতিষ্ঠানটি লিমিটেড কোম্পানী হলে Memorandum of Articles (Certificate of Incorporation)

চ). প্রতিষ্ঠান সংক্রান্ত স্থানীয় জন প্রতিনিধি কর্তৃক অনাপত্তি সনদ।

ছ). বহুতল বা বাণিজ্যিক ভবন হলে ফায়ার সার্ভিসের ছাড়পত্র।

জ). গার্মেন্টস প্রতিষ্ঠানের ক্ষেত্রে ফায়ার সার্ভিস নির্ধারিত তথ্য বিবরণী।

২। আবেদন প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে অধিদপ্তর কর্তৃক নিয়োজিত পরিদর্শকের মাধ্যমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়।

৩। পরিদর্শনের অগ্নি প্রতিরোধ মূলক পরামর্শ প্রদান করা হয়।

৪। পরামর্শ মোতাবেক কার্যকর ব্যবস্থা গ্রহণ করার পর পুনরায় পরিদর্শন করা হয়।

৫। পরিদর্শন যুক্তিসঙ্গতভাবে সন্তোষজনক হলে সর্বোচ্চ ৯০(নববই) দিনের মধ্যে লাইসেন্স প্রদান করা হয়।

৬। যুক্তিসঙ্গত কারনে লাইসেন্স প্রদানের বিষয়ে সন্তুষ্ট না হলে মহাপরিচালক লাইসেন্সের আবেদন প্রাপ্তির ১২০(একশত বিশ) দিনের মধ্যে আবেদনকারীকে শুনানীর সুযোগ প্রদান করবেন।

৭। মহাপরিচালকের নিকট হতে ক্ষমতা প্রাপ্ত কোন কর্মকর্তার কোন সিদ্ধান্তে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান সংক্ষুদ্ধ হলে ৩০(ত্রিশ) দিনের মধ্যে বিষয়টি পুনঃ বিবেচনার জন্য মহাপরিচালকের নিকট আবেদন করবেন।

৮। উক্ত আবেদন প্রাপ্তির ৩০(ত্রিশ) দিনের মধ্যে মহাপরিচালক সিদ্ধান্ত গ্রহণ করবেন।

৯। উক্ত বিষয়ে মহাপরিচালকের সিদ্ধান্তে সংক্ষুদ্ধ ব্যক্তি বা প্রতিষ্ঠান নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে সরকারের নিকট আপীল করতে পারবেন।

১০। আপীল প্রাপ্তির ৬০(ষাট) দিনের মধ্যে সরকার তৎসম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করবেন।

**বহুতল বাণিজ্যিক ভবনের ছাড়পত্রঃ**

১। অগ্নি প্রতিরোধ নির্বাপন আইন২০০৩ এর ৭নং ধারা অনুসারে অনূর্ধ ৭(সাত) তলা ভবনের বা বাণিজ্যিক ভবনের অগ্নি প্রতিরোধ মূলক ছাড়পত্র প্রদান করা হয়।

২। স্থানীয় কর্তৃপক্ষের মাধ্যমে বা সরাসরি মহাপরিচালক বরাবর সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠান আবেদন করবেন।

৩। আবেদনের সাথে ভবনের নকশা ও দলিল প্রদান করবেন।

৪। অতঃপর অত্র অধিদপ্তর কর্তৃক মনোনীত পরিদর্শক ০৭(সাত) কর্মদিবসের মধ্যে সংশ্লিষ্ট ভবন পরিদর্শন করেন।

৫। পরিদর্শনের পর অগ্নি প্রতিরোধ মূলক পরামর্শ প্রদান করা হয়।

৬। পরামর্শ মোতাবেক কার্যকর ব্যবস্থা গ্রহণ করলে শর্তসাপেক্ষে পরবর্তী ০৭(সাত) কর্মদিবসের মধ্যে ছাড়পত্র প্রদান করা হয়।

৭। পরিদর্শন যুক্তিসঙ্গত কারনে সন্তোষ জনক না হলে ভবন ব্যবহারের অনুপযোগী মর্মে মহপরিচালক ঘোষনা করতে পারেন।

৮। ভবন ব্যবহারের অনুপযোগী ঘোষণার কারনে কোন ব্যক্তি সংক্ষুদ্ধ হলে তিনি উক্তরুপ ঘোষনার ৩০(তিশ) দিনের মধ্যে সরকারের নিকট আপীল করতে পারবেন।

৯। উক্ত আপীল প্রাপ্তির ৬০(ষাট) দিনের মধ্যে সরকার চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন।

**এ্যাম্বুলেন্স সার্ভিসঃ**

১। অত্র অধিদপ্তর স্থানীয়ভাবে বা আন্তঃ জেলা পর্যায় রোগী পরিবহনের নিমিত্তে জনসাধারনের জন্য এ্যাম্বুলেন্স সার্ভিস প্রদান করে থাকে।

২। এ্যাম্বুলেন্স সার্ভিসের আওতায় শুধুমাত্র রোগীকে বাসা থেকে হাসপাতালে অথবা দুর্ঘটনার স্থান থেকে হাসপাতালে স্থানান্তর করা হয়।

৩। এ সেবার জন্য স্থানীয় পর্যায়ে বা পৌর এলাকায় ফোনের বা বার্তাবাহকের মাধ্যমে এ্যাম্বুলেন্স কল গ্রহণ করা হয়।

৪। আন্তঃ জেলা পর্যায়ে বা দূরবর্তী কলের ক্ষেত্রে রোগী পরিবহনের জন্য নির্ধারিত ফরম পূরণ পূর্বক পূর্ব অনুমোদন নিতে হয়।

**৫। রোগী পরিবহনের জন্য ভাড়ার হার নিম্নরুপঃ**

ক). দেশের সকল মেট্রোপলিটন শহর এলাকাসহ সকল পৌর এলাকায় ১ মাইল/১ কিলোমিটার হতে ৫ মাইল/৮ কিলোমিটার পর্যন্ত ৫০(পঞ্চাশ) টাকা।

খ). ৫ মাইলের উর্ধ্বে হতে ১০ মাইল অথবা ৮ কিলোমিটার হতে ১৬ কিলোমিটার পর্যন্ত প্রতি কল ১০০(একশত) টাকা।

গ). দূরবর্তী/আন্তঃজেলা কলের ক্ষেত্রে প্রতি মাইল ১০(দশ) টাকা ও প্রতি কিলোমিটার ৬(ছয়) টাকা।

৬। এ্যাম্বুলেন্স সার্ভিসের আওতায় লাশ এবং সংক্রামক ব্যাধির রোগী বহন করা হয় না।

**অগ্নি প্রতিরোধ মূলক মহড়া পরামর্শ ও প্রশিক্ষণ সেবাঃ**

১। উক্ত সেবা গ্রহনের জন্য স্থানীয় কর্তৃপক্ষের মাধ্যমে বা সরাসরি মহাপরিচালক বরাবর আবেদন করতে হয়।

২। আবেদন প্রাপ্তির পর সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে অত্র অধিদপ্তর আর্থিক সংশ্লেষ ও অন্যান্য শর্তাবলীসহ প্যাকেজ প্রস্তাব প্রেরন করে।

৩। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান উক্ত শর্তপালনে সম্মত হলে অত্র অধিদপ্তরের মনোনীত কর্মকর্তা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সহিত প্রয়োজনীয় সমন্বয়সাধন পূর্বক নিম্নলিখিত সেবা প্রদান করে থাকেঃ

ক). অগ্নি প্রতিরোধ ও নির্বাপন বিষয়ে পরামর্শ প্রদান।

খ). অগ্নি প্রতিরোধ ও নির্বাপন বিষয়ে প্রশিক্ষণ প্রদান।

গ). অগ্নি প্রতিরোধ ও নির্বাপন বিষয়ে মহড়া পরিচালনা।